بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

**Press Release**

**02 June 2011**

## Installation of MRP and MRV facility formally inaugurated at the Bangladesh Embassy in Washington, DC

In keeping with the standards of International Civil Aviation Authority, the Government of Bangladesh started issuing machine readable passport (MRP) in Bangladesh early this year. For the expatriate Bangladeshis and other consular service seekers the government is set to make the automation services available in all embassies and consulates of Bangladesh abroad very soon. The Honourable Minister for Home Affairs Advocate Shahara Khatun, MP said this today while inaugurating the installation work for MRP and MRV facility at the Embassy of Bangladesh in Washington, DC at a simple ceremony. With the inauguration of the work for installing MRP and MRV processing machines, it is expected that the Embassy would be able to issue MRPs and MRVs from early July 2011. At a meeting with the embassy officials, the Home Minister noted that since assuming office, the present government under the dynamic leadership of Honourable Prime Minister Sheikh Hasina has taken various measures to serve the needs of Bangladesh's expatriate communities. "Installation of MRP and MRV facilities in our embassies and consulates bears testimony to that fact and marks a significant step forward in extending hassle-free consular services to the valued members of our Diaspora"-she pointed out.

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader and Home Secretary Mr. Abdus Sobhan Sikder also spoke on the occasion. In his remarks, Ambassador Akramul Qader noted that consular sections are the public relations windows for the Missions overseas. He expressed gratitude to the Honourable Home Minister and other officials of the Home Ministry for their initiatives to install the MRP-MRV facility at the Bangladesh Embassy in Washington, DC and for imparting necessary training to Embassy officials

involved in MRP-MRV processing. He expressed his hope that, from now on, the Embassy would be able to render smooth and fast services to its ever expanding clientele. “With the installation of MRP-MRV facilities a new era has ushered in our consular job and we hope to take full advantage of modern technology to the service of all including our nationals”-Ambassador Qader said. In his speech the Home Secretary Mr. Abdus Sobhan Sikder highlighted the different technical and administrative matters relating to the MRP-MRV facility. He also touched upon various initiatives of the present Government that have contributed to improving the overall law and order situation in Bangladesh. Bangladesh Consuls General in New York and Los Angeles were also present at the inauguration ceremony.

Earlier in the morning, Deputy Assistant Attorney General, US Department of Justice, Mr. Bruce C. Swartz called on the Hon’ble Home Minister of Bangladesh at her Hotel suite and discussed matters related to Mutual Legal Assistance Act, Anti Money Laundering Act, and Anti Human Trafficking Act. The Deputy Assistant Attorney General conveyed to the visiting Bangladesh Minister the US Government’s appreciation for the cooperation extended in matters of combating the menace of terrorism. The Hon’ble Minister raised the issue of deportation of Major (Retd.) A.M. Rashed Chowdhury, one of the killers of Bangabadhu Sheikh Mujibur Rahman from the US. Rashed Chowdhury is reportedly living in the US. Mr. Bruce Swartz promised that the request of the Bangladesh Minister would be placed before the US Attorney General and others concerned with due importance. During the meeting Bangladesh Ambassador to the US and State Minister Mr. Akramul Qader and Home Secretary Mr. Abdus Sobhan Sikder were also present while Mr. Jeffery M. Olson, Associate Director, US Department of Justice assisted Mr. Swartz.

---

**Contact :** Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

২ জুন ২০১১

### ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে এমআরপি-এমআরভি ব্যবস্থা কার্যক্রম উদ্বোধন

আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুসৃত মানের সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ সরকার চলতি বছরের শুরুর দিকে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান শুরু করেছে। এরই ধারাবাহিকতায় প্রবাসী বাংলাদেশী এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কনস্যুলার সহায়তা প্রার্থীদের সুবিধার্থে সরকার সকল বাংলাদেশ দূতাবাস ও কনস্যুলেটকেও অটোমিশন এর আওতায় আনার উদ্যোগ নিয়েছে। আজ ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে এমআরপি ও এমআরভি সুবিধা ব্যবস্থা স্থাপন কার্যক্রম উদ্বোধনকালে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এডভোকেট সাহারা খাতুন, এম.পি একথা বলেন। এমআরপি ও এমআরভি সুবিধা স্থাপন প্রক্রিয়া শুরু হওয়ায় আশা করা যায়, আগামী জুলাই মাসের মধ্যে বাংলাদেশ দূতাবাস এমআরপি ও এমআরভি প্রদানে সক্ষম হবে। দূতাবাস কর্মকর্তাদের সাথে এক বৈঠককালে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে, দায়িত্বভার গ্রহনের পর থেকেই বর্তমান সরকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে প্রবাসী বাংলাদেশীদের চাহিদা পূরণে বিবিধ কর্মসূচী গ্রহন করে আসছে। তিনি বলেন,''দূতাবাস এবং কনস্যুলেটসমূহে এমআরপি ও এমআরভি সুবিধাদি স্থাপন সরকারের এ কার্যক্রমের অংশ। প্রবাসী বাংলাদেশীদের নির্বিঘ্ন কনস্যুলার সেবা প্রদানের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।''

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের এবং স্বরাষ্ট্র সচিব জনাব আবদুস সোবহান সিকদার এ উপলক্ষে বক্তব্য রাখেন। রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর বক্তব্যে বলেন যে, কনস্যুলার শাখা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের জন্য গণসংযোগের জানালার মতো। তিনি স্বরাষ্ট্রমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে এমআরপি ও এমআরভি সুবিধা স্থাপন এবং সেইসাথে প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ নেয়ার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন যে, এ ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে প্রবাসীদের আরো নির্ঝঞ্ঝাট এবং দ্রুত কনস্যুলার সেবা প্রদান সম্ভব হবে। রাষ্ট্রদূত কাদের বলেন,''এমআরপি ও এমআরভি সুবিধা প্রতিষ্ঠার মধ্য দিয়ে কনস্যুলার সেবার ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সূচনা হলো এবং আধুনিক এ প্রযুক্তির পূর্ণাঙ্গ ব্যবহারের মধ্য দিয়ে আমরা প্রবাসী বাংলাদেশীসহ সকল কনস্যুলার

সেবা গ্রহনকারীদের জন্য সেবার মান আরো উন্নত করতে সক্ষম হবো।”  স্বরাষ্ট্র সচিব আবদুস সোবহান সিকদার তাঁর বক্তব্যে এমআরপি ও এমআরভি সুবিধার বিভিন্ন কারিগরী ও প্রশাসনিক বিষয়ের উপর আলোকপাত করেন। তিনি দেশে আইন শৃংখলা উন্নয়নে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপের কথাও উল্লেখ করেন। নিউইয়র্ক ও লস্‌এঞ্জেলস্থ বাংলাদেশের কনসাল জেনারেলগণও এসময় উপস্থিত ছিলেন।

এর  আগে সকালে যুক্তরাষ্ট্রের ডেপুটি এ্যাসিস্টেন্ট এটর্নী জেনারেল জনাব ব্রুস সি. সোয়ার্জ বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে তাঁর হোটেল স্যুটে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা  মিউচুয়াল লিগ্যাল এ্যাসিস্টেন্স এ্যাক্ট, এন্টি মানি লন্ডারিং এ্যাক্ট, এবং এন্টি হিউম্যান ট্রাফিকিং এ্যাক্ট সংক্রান্ত বিষয়ে আলাপ আলোচনা করেন। জনাব সোয়ার্জ সন্ত্রাসবাদ মোকাবেলায় বাংলাদেশের সহযোগিতার প্রশংসা করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকারী মেজর (অবঃ) এ, এম রাশেদ চৌধুরীকে বাংলাদেশে ফেরৎ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। জনাব সোয়ার্জ  বাংলাদেশের মন্ত্রীকে প্রতিশ্রুতি দেন যে, তিনি বিষয়টি যথাযথ গুরুত্বসহ যুক্তরাষ্ট্রের এটর্নী জেনারেল এবং অন্যান্য সংশ্লিষ্টদের বরাবর উপস্থাপন করবেন। সাক্ষাৎকালে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের, স্বরাষ্ট্র সচিব জনাব আবদুস সোবহান সিকদার এবং যুক্তরাষ্ট্রের জাস্টিস ডিপার্টমেন্টের এসোসিয়েট ডিরেক্টর জনাব জেফরি এম. ওলসন উপস্থিত ছিলেন।

---

যোগাযোগ ঃ স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন ঃ  ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল- pressministerwash@yahoo.com